দৈনিক জনকণ্ঠ

70

তারিখ JUL 27 1999
পৃষ্ঠা ৩ কলাম ৩

# বিশেষ যোগ্যতাসম্পন্ন শিক্ষককে ১শ' ভাগ দেয়ার সিদ্ধান্ত বিভেদ ও দুর্নীতি বাড়াবে

জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত 'বিশেষ যোগ্যতাসম্পন্ন শিক্ষকগণকে সরকারের ১০০% বেতন দেবার' সংবাদের প্রেক্ষিতে বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব এক বিবৃতিতে বলেন, মাধ্যমিক স্কুলের শিক্ষকগণের মূল প্রারম্ভিক বেতনের ৮০ ভাগ সরকার এবং ২০ ভাগ স্কুল বহন করছে। এমতাবস্থায় বিশেষ যোগ্যতাসম্পন্ন শিক্ষককে সরকার থেকে ১০০% দেয়ার প্রচারণাকে শিক্ষকদের মধ্যে বিভেদ ও অফিসসমূহে দুর্নীতি সৃষ্টিসহ হয়রানির মাত্রা বৃদ্ধি করার পদক্ষেপ বলে আখ্যায়িত করেন। তথাকথিত বিশেষ যোগ্যতাসম্পন্ন শিক্ষক বিশেষ বিশেষ স্কুলে শিক্ষকতা করছেন এবং বিশেষ বিশেষ আর্থিক সুবিধাসহ সরকারের দেয়া বেতন থেকে অনেক বেশি বেতনাদি ভোগ করছেন। ফলে ১০০% বেতন প্রদান শিক্ষকগণের কোন উপকারে আসবে না বরং বহু ক্ষেত্রেই জটিলতা ও বিশৃঙ্খলা দেখা দেবে। সরকারের ওপর আর্থিক চাপ বৃদ্ধি পাবে। সামাজিক দায়িত্ব হ্রাস এবং শিক্ষার মানোন্নয়নে জনসাধারণের সম্পৃক্ততা কমে যাবে। তিনি শিক্ষার মানোন্নয়নের ও শিক্ষকগণের পেশাগত মান বৃদ্ধির লক্ষ্যে শিক্ষকগণের চাকরি জাতীয়করণকে ত্বরান্বিত করার জন্য সরকার প্রদত্ত মূল প্রারম্ভিক বেতনের ৮০ ভাগের ওপরই বাড়ি ভাড়া, বার্ষিক বৃদ্ধি, উৎসব ভাতা, অবসর সুবিধাদির ৮০ ভাগ সরকার থেকে পর্যায়ক্রমে বাস্তবায়নের নীতিমালা ৩১ ডিসেম্বরের মধ্যে ঘোষণা দেয়ার জন্য সরকারের প্রতি দাবি জানান। প্রেস বিজ্ঞপ্তি।